183

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 20 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫

# ছাত্রলীগের বিক্ষুব্ধ গ্রুপের ডাকসু ভবন ভাংচুর

**স্টাফ রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনে শুক্রবার ব্যাপক ভাংচুর হয়েছে। ছাত্রলীগের (বা-অ) বিশ্ববিদ্যালয় কমিটিতে সুযোগ না পাওয়া একটি বিক্ষুব্ধ গ্রুপ এই ভাংচুর চালায় বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানায়, শুক্রবার বেলা সাড়ে ১১টায় ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভা চলছিল ডাকসু ভবনে। ছাত্রলীগ কেন্দ্রীয় সভাপতি

*(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)*

## ছাত্রলীগের বিক্ষুব্ধ

*(৮-এর পাতার পর)*

বাহাদুর বেপারী ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাজ্জাদ হোসেন সভায় উপস্থিত ছিলেন। এ সময় ছাত্রলীগের একটি বিক্ষুব্ধ অংশ সভাস্থলে তাদের বিশ্ববিদ্যালয় কমিটিতে না রাখার কারণ জানতে চায়।

এ নিয়ে বাদানুবাদের এক পর্যায়ে তারা সভাস্থল ত্যাগ করে এবং এ সময় ডাকসু ভবনে ব্যাপক ভাংচুর চালায়। এদিকে শুক্রবার সন্ধ্যায় দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসিতে একজন ছুরিকাহতসহ মোট তিনজন আহত হয়েছে। জানা গেছে, প্রেমঘটিত বিষয় নিয়ে মুহসীন হলের দু'দল ছাত্রের মধ্যে বাদানুবাদ হয়। একপর্যায়ে সজল (২১) নামে একজন ছাত্রকে ছুরিকাহত করা হয়। সজলকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এসময় দৌড়াদৌড়িতে মঈনুল (২২) ও সোহেল নামে আরও দু'জন ছাত্র আহত হয়।